

‘ছেলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।



স্মারক নং- পপঅ/সিসিএসডিপি/FPC/নিয়োগ/৪৩৫/২০২০/২০২৪

তারিখ : ২২/০২/২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নিয়ন্ত্রণাধীন “ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি)” এর আওতায় UNFPA’s Support to 4<sup>th</sup> HPNSP through DGFP শীর্ষক প্রকল্পে ইউএনএফপিএ’র অর্থায়নে প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা, গর্ভপাত পরবর্তী পরিবার পরিকল্পনা (PAC-FP), মাসিক নিয়মিতকরণ পরবর্তী পরিবার পরিকল্পনা (Post-MR-FP) ও পরিবার পরিকল্পনার অপূর্ণ চাহিদা (Unmet Need) হ্রাসকল্পে মানসম্পন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা প্রদান এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধিকল্পে ‘Family Planning Counselor’ নিয়োগের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী (মহিলা) নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। উক্ত পদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিবরণ/যোগ্যতা নিম্নে উল্লেখ করা হ’ল।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলায় নিয়োগ প্রদান করা হবে
১	২	৩	৪	৫
০১	Family Planning Counselor	০৫ (পাঁচ)	BSC in Nursing /Diploma in Nursing/Diploma in Midwifery কোর্স উত্তীর্ণ এবং BNMC কর্তৃক স্বীকৃত সার্টিফিকেটধারী এবং রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।	রাঙ্গামাটি, নোয়াখালী, জামালপুর, মৌলভীবাজার, সিরাজগঞ্জ (কাজীপুর)

বেতন ও অন্যান্য সুবিধাদিঃ সর্বসাকুল্য ২৪,৭০০/- (চব্বিশ হাজার সাতশত টাকা) এবং উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা ও পাহাড়ী এলাকার  
জন্য পাহাড়ী ভাতা।

আবেদনের শর্ত ও নিয়মাবলী :

- আগামী ২১/১০/২০২০ ইং তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে লাইন ডাইরেক্টর, সিসিএসডিপি ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর সরাসরি বা ডাকযোগে প্রার্থীদের আবেদন পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- অসম্পূর্ণ এবং ত্রুটিযুক্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রবেশপত্র প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।
- আগামী ২১/১০/২০২০ ইং তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩৫ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপনের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) জন্ম তারিখ (ঝ) ২১/১০/২০২০ ইং তারিখে বয়স (ঞ) ধর্ম (ট) মোবাইল নং (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড (৯ম গ্রেডের) কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজ-পত্র দাখিল করতে হবেঃ (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র (গ) বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ (ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (ঙ) অভিজ্ঞতার সনদ (যদি থাকে)
- আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র (শর্ট লিস্টেড) যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দেয়া হবে।
- এ নিয়োগ সাকুল্য বেতনে প্রকল্পের মেয়াদকালীন সময় পর্যন্ত বলবৎ থাকবে। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগ পত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
- প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।
- এ নিয়োগের ক্ষেত্রে সরকারী নিয়োগ-সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- নিয়োগকৃত পদে চাকুরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

২২/০২/২০২০

ডাঃ মোঃ মঈনুদ্দীন আহমেদ  
লাইন ডাইরেক্টর (সিসিএসডিপি) এবং  
সভাপতি  
জনবল নিয়োগ/বাছাই কমিটি